



তথ্যবিবরণী

নম্বর-২৪২

এসএসসি পরীক্ষার প্রথম দিনে রাজশাহী বোর্ডে ৯৯ভাগ উপস্থিত

রাজশাহী; ২৭ চৈত্র (১০ এপ্রিল):

আজ বৃহস্পতিবার (১০ এপ্রিল) বাংলা প্রথম পত্র পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয়েছে ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা। এবারের এসএসসি পরীক্ষার প্রথম দিনে ৯৯ শতাংশ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

রাজশাহী শিক্ষা বোর্ড সূত্রে জানা যায়, এই বোর্ডের অধীনে এবার মোট পরীক্ষার্থী ছিল ১ লক্ষ ৬২ হাজার ৬৭৯ জন। এর মধ্যে ১ লক্ষ ৬১ হাজার ৫৭ জন শিক্ষার্থী প্রথম দিন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। মাত্র ১ হাজার ৬২২ জন শিক্ষার্থী আজ অনুপস্থিত ছিল। প্রথম দিনের পরীক্ষায় কোনো শিক্ষার্থী বহিষ্কৃত হয়নি মর্মে রাজশাহী শিক্ষা বোর্ড থেকে জানানো হয়েছে।

উল্লেখ্য যে, রাজশাহী বিভাগের ৮ জেলায় মোট ২৬৯ টি কেন্দ্রে এবার এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/২০২৫/১৫.৩০ঘ.